

...
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯ কাওরান বাজার,
ঢাকা-১২১৫।
www.dot.gov.bd



তারিখ: ৩০ ফাল্গুন ১৪২৬

১৪ মার্চ ২০২০

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০৩.০৭.২৩০.১৯.৫১

বিষয়: করোনাভাইরাস প্রতিরোধ সম্পর্কে করণীয় সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয় প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বর্তমানে বিশ্বজুড়ে ছড়িয়ে পড়া করোনাভাইরাস সম্পর্কে আইইডিসিআর (IEDCR) কর্তৃক করোনা প্রতিরোধ ও জনসচেতনতায় নির্দেশনা জারি করা হয়েছে। সংস্থাটির গবেষকদের মতে এই নির্দেশনাগুলো মানলে করোনাভাইরাস প্রতিরোধ করা সম্ভব। প্রতিকারের চেয়ে প্রতিরোধই উত্তম হওয়ায় করোনাভাইরাস হতে প্রতিরোধের জন্য নিম্নে প্রদত্ত নির্দেশনাগুলো সম্পর্কে সচেতন ও সজাগ দৃষ্টি রাখলে অনেকাংশে করোনা প্রতিরোধ সম্ভব।

- ১। অসুস্থ হলে ঘরে থাকুন, বাইরে যাওয়া অত্যাবশ্যক না হলে নাক মুখ ঢাকার জন্য মাস্ক ব্যবহার করুন।
- ২। জরুরী প্রয়োজন ব্যতীত ভ্রমণ করা থেকে বিরত থাকুন এবং প্রয়োজন ব্যতীত এ সময়ে বিদেশ ভ্রমণে নিরুৎসাহিত করুন।
- ৩। অত্যাবশ্যকীয় ভ্রমণে সাবধানতা অবলম্বন করুন।
- ৪। ঘন ঘন সাবান ও পানি দিয়ে হাত ধুবেন। (অন্তত ২০ সেকেন্ড যাবৎ)।
- ৫। অপরিষ্কার হাতে চোখ, নাক ও মুখ স্পর্শ করবেন না।
- ৬। ইতোমধ্যে আক্রান্ত এমন ব্যক্তিদের সংস্পর্শ এড়িয়ে চলুন।
- ৭। কাশি শিষ্টাচার মেনে চলুন (হাচি/কাশির সময় বাহু/টিস্যু/কাপড় দিয়ে নাক-মুখ ঢেকে রাখুন)।
- ৮। অসুস্থ পশু/পাখির সংস্পর্শ পরিহার করুন।
- ৯। মাছ-মাংস ভালোভাবে রান্না করে খাবেন।

এছাড়াও নিজেদের তাগিদে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করা উচিতঃ-

- ১০। কোনো ধাতব তলে বা বস্তুতে করোনাভাইরাস প্রায় ১২ ঘণ্টা জীবিত থাকতে পারে। তাই সাবান দিয়ে হাত পরিষ্কার করতে হবে।
- ১১। কাপড়ে এই ভাইরাসটি প্রায় ৯ ঘণ্টা জীবিত থাকতে পারে তাই, কাপড় ধুয়ে নিলে বা রোদে ২ ঘণ্টা থাকলে এটি মারা যাবে।
- ১২। হাতে বা ত্বকে এই ভাইরাসটি ১০ মিনিটের মতো জীবিত থাকতে পারে তাই, অ্যালকোহল মিশ্রিত জীবাণু নাশক

হাতে মেখে নিলেই জীবাণুটি মারা যাবে।

১৩। করোনা গরম আবহাওয়ায় বাঁচে না। ৭০ ডিগ্রী সেলসিয়াস তাপমাত্রা এটিকে মারতে পারে। কাজেই ভালো না লাগলেও এখন বেশি বেশি গরম পানি পান করতে হবে, আইসক্রিম থেকে দূরত্ব বজায় রাখতে হবে।

১৪। লবণ মিশ্রিত গরম পানি দিয়ে গারগল করলে গলার মিউকাস পরিষ্কার হবার সাথে সাথে টনসিলের জীবাণুসহ করোনাও দূর হবে, ফুসফুসে সংক্রমিত হবে না।

১৫। নাকে-মুখে আঙুল বা হাত দেবার অভ্যাস পরিত্যাগ করতে হবে কারণ মানব শরীরে জীবাণু প্রবেশের সদর দরজা হলো নাক-মুখ-চোখ।

১৬। হাঁচি কাশির সময় রুমাল/টিস্যু ব্যবহার করতে হবে।

সকলের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করছি।

(বি: দ্র: iedcr.gov.bd ওয়েব সাইটে বিস্তারিত তথ্য পাওয়া যাবে)।



১৪-৩-২০২০

মোঃ আব্দুস সালাম

চেয়ারপার্সন, ডেপু প্রতিরোধ ও সামাজিক

সচেতনতামূলক কমিটি।

...

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০৩.০৭.২৩০.১৯.৫১/১(৭)

তারিখ: ৩০ ফাল্গুন ১৪২৬

১৪ মার্চ ২০২০

সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১) পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), পরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর, বঙ্গ অধিদপ্তর, ঢাকা।
- ২) অধ্যক্ষ, টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ..... (সকল)।
- ৩) অধ্যক্ষ, টেক্সটাইল ইন্সটিটিউট..... (সকল)।
- ৪) উপপরিচালক বঙ্গ অধিদপ্তর, ঢাকা/বিভাগীয় বঙ্গ অধিদপ্তর (সকল)।
- ৫) সহকারি পরিচালক..... বঙ্গ অধিদপ্তর ঢাকা/বিভাগীয়/জেলা বঙ্গ অধিদপ্তর (সকল)।
- ৬) সুপারিনটেনডেন্ট, টেক্সটাইল ভোকেশনাল ইন্সটিটিউট.....(সকল)।
- ৭) লাইব্রেরিয়ান, সহকারী পরিচালক (প্রশাসন), বঙ্গ অধিদপ্তর, ঢাকা।



১৪-৩-২০২০

এম. আবু সাদাত সায়েম

সদস্য সচিব, ডেপু প্রতিরোধ ও সামাজিক

সচেতনতামূলক কমিটি।